

জনস্বাস্থ্য সংক্রান্ত ভেন্ডিং মেশিন: নিউ ইয়র্ক সিটিতে স্বাস্থ্য ও সুস্থতার সামগ্রী পাওয়ার সুবিধা বাড়ানো

জনস্বাস্থ্য সংক্রান্ত ভেন্ডিং মেশিনগুলি হলো ওভারডোজ সংকট মোকাবিলার জন্য নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য বিভাগের পদ্ধতির একটি অংশ। ভেন্ডিং মেশিনগুলি কম্যুনিটি পার্টনাররা পরিচালনা করেন এবং নিউ ইয়র্কবাসীদের স্বাস্থ্য ও সুস্থতার সামগ্রী সরবরাহ করেন।

ভেন্ডিং মেশিনগুলির উদ্দেশ্য কী?

ভেন্ডিং মেশিনগুলি সাহায্য করে:

- এমন মানুষদের কাছে পৌঁছাতে যারা ক্ষতি হ্রাস সংক্রান্ত পরিষেবাগুলির সাথে যুক্ত নন অথবা যাদের ওপিওয়েড ওভারডোজ দেখার বা তাতে আক্রান্ত হওয়ার সম্ভাবনা রয়েছে।
- বিনামূল্যের স্বাস্থ্য ও সুস্থতার সামগ্রী পাওয়ার সুবিধা বাড়াতে।
- নিউ ইয়র্কবাসীদের সহজে এবং নাম গোপন রেখে ক্ষতি হ্রাস সংক্রান্ত সামগ্রী পাওয়ার সুযোগ দিয়ে সামাজিক কলঙ্ক কমাতে।

ভেন্ডিং মেশিনগুলি কী কী সামগ্রী প্রদান করে?

ভেন্ডিং মেশিনগুলি বিভিন্ন ধরনের বিনামূল্যের স্বাস্থ্য ও সুস্থতার সামগ্রী প্রদান করে, যার মধ্যে রয়েছে:

- ন্যালোক্সোন
- ফেন্টানিল টেস্ট স্ট্রিপস
- টয়লেট্রি কিট (যেমন পরিচ্ছন্নতা এবং মাসিকের কিট)
- নিরাপদ যৌন মিলনের কিট (কনডম এবং লুব্রিকেন্ট)
- শার্পস কন্টেইনার (ধারালো বস্তু ফেলার পাত্র)
- জীবাণুমুক্ত সিরিঞ্জ (শুধুমাত্র নির্দিষ্ট কিছু ভেন্ডিং মেশিনে)

ভেন্ডিং মেশিনগুলি কোথায় অবস্থিত?

ভেন্ডিং মেশিনগুলি এমন আশেপাশের এলাকায় রাখা হয়েছে যেখানে ওভারডোজের কারণে মৃত্যুর হার বেশি। প্রথম চারটি ভেন্ডিং মেশিনের অবস্থান কম্যুনিটির সদস্য ও পার্টনার এবং নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য বিভাগের মতামত নিয়ে ঠিক করা হয়েছিল।

অবস্থানের সাম্প্রতিক তালিকার জন্য, nyc.gov/phvm-এ যান, QR কোড স্ক্যান করুন, অথবা **311** নম্বরে কল করুন।



মানুষ কীভাবে ভেন্ডিং মেশিন থেকে সামগ্রী সংগ্রহ করতে পারবে?

ভেন্ডিং মেশিন থেকে সামগ্রী পাওয়ার জন্য মানুষকে কিপ্যাড ব্যবহার করে তাদের জিপ কোড দিতে হবে। প্রতিটি ভেন্ডিং মেশিনে ইংরেজি এবং স্প্যানিশ ভাষায় অতিরিক্ত নির্দেশাবলী এবং তথ্য দেওয়া আছে।

আমার কম্যুনিটিতে কেন একটি জনস্বাস্থ্য সংক্রান্ত ভেন্ডিং মেশিন থাকা উচিত?

নিউ ইয়র্ক সিটিতে মৃত্যুর অন্যতম প্রধান কারণ হলো ওভারডোজ। জনস্বাস্থ্য সংক্রান্ত ভেন্ডিং মেশিনগুলি ন্যালোক্সোন, একটি নিরাপদ ওষুধ যা ওপিওয়েড ওভারডোজের প্রভাব কাটাতে পারে, এবং অন্যান্য জীবনরক্ষাকারী সামগ্রী 24/7 সহজলভ্য করে।

জুন 2023 এবং আগস্ট 2025-এর মধ্যে, নিউ ইয়র্ক সিটিতে জনস্বাস্থ্য সংক্রান্ত ভেন্ডিং মেশিনগুলি থেকে 59,000-এরও বেশি স্বাস্থ্য ও সুস্থতার সামগ্রী বিতরণ করা হয়েছে। ভেন্ডিং মেশিন ব্যবহারকারী অধিকাংশ মানুষই মেশিনটি যে জিপ কোড এলাকায় অবস্থিত সেখানেই বসবাস করতেন, যা কম্যুনিটিতে এগুলির প্রভাব প্রমাণ করে।

জনস্বাস্থ্য সংক্রান্ত ভেন্ডিং মেশিনগুলি এমন মানুষের কাছে পৌঁছাতেও সাহায্য করতে পারে যারা সাধারণত প্রয়োজনীয় উপকরণ বা পরিষেবার জন্য ফার্মেসি বা ক্ষতি হ্রাস প্রোগ্রামে যেতে চান না।

ভেন্ডিং মেশিনগুলি কি মাদক ব্যবহারকে উৎসাহিত করবে?

গবেষণায় দেখা গেছে যে ন্যালোক্সোন বা সিরিঞ্জ পাওয়ার সুবিধা থাকলে ওপিওয়েড ওভারডোজের কারণে মৃত্যু কমে এবং ভাইরাল হেপাটাইটিস, এইচআইভি এবং রক্ত-বাহিত অন্যান্য সংক্রমণের বিস্তার হ্রাস পায়। এমন কোনো প্রমাণ নেই যে এই সামগ্রীগুলি পাওয়ার সুবিধা মাদক ব্যবহার বা ঝুঁকিপূর্ণ আচরণ বাড়িয়ে দেয়।

ভেন্ডিং মেশিনগুলি কীভাবে রক্ষণাবেক্ষণ করা হয়?

কম্যুনিটি পার্টনাররা প্রতি সপ্তাহে ভেন্ডিং মেশিনগুলিতে সামগ্রী ভরে দেন এবং প্রয়োজনীয় রক্ষণাবেক্ষণ করেন। তারা প্রয়োজনে মানুষকে ভেন্ডিং মেশিন থেকে সামগ্রী সংগ্রহ করতেও সাহায্য করেন।

ভেন্ডিং মেশিনগুলি কীভাবে যত্রতত্র সিরিঞ্জ ফেলা প্রতিরোধ করে?

যেসব ভেন্ডিং মেশিনে সিরিঞ্জ থাকে, সেগুলির সবকটিতেই শার্পস কন্টেইনার দেওয়া হয় এবং কাছেই সিরিঞ্জ ফেলার একটি কিওস্ক থাকে। আপনি যদি সরকারি জায়গায় কোনো সিরিঞ্জ দেখতে পান তবে রিপোর্ট করতে 311 নম্বরে কল করুন।

আমি কোথায় আরও তথ্য পেতে পারি বা প্রশ্ন জিজ্ঞাসা করতে পারি?

naloxone@health.nyc.gov ঠিকানায় ইমেইল করুন অথবা nyc.gov/alcoholanddrugs-এ যান।